

UK Health Security Agency

mpox থেকে আপনাকে সুরক্ষিত রাখতে

# mpox ভ্যাকসিনেশন সম্পর্কিত তথ্য

## mpox (MVA) ভ্যাকসিনেশন কী?

Mpox থেকে সুরক্ষিত রাখার জন্য আপনাকে ভ্যাকসিন প্রদান করা হচ্ছে। MVA ভ্যাকসিন mpox (এবং smallpox)-এর সংক্রমণ প্রতিরোধে অথবা এর গুরুতরতা হ্রাস করতে সাহায্য করে।


এই ভ্যাকসিন ইউরোপে Bavarian Nordic-এর দ্বারা প্রস্তুত হয়। যখন আপনাকে এই ভ্যাকসিন দেওয়া হয় তখন আপনার ইমিউন সিস্টেম (শরীরের প্রাকৃতিক রোগ প্রতিরোধ ব্যবস্থা) mpox ভাইরাসের বিরুদ্ধে অ্যান্টিবডি তৈরি করে।

MVA ভ্যাকসিনে smallpox বা mpox এর ভাইরাস থাকে না এবং এটি smallpox বা mpox সৃষ্টি বা এর বিস্তার ঘটাতে পারে না।

smallpox এবং mpox-এর বিরুদ্ধে সুরক্ষার জন্য Imvanex ভ্যাকসিন যুক্তরাজ্যের মেডিসিনস অ্যান্ড হেলথকেয়ার প্রোডাক্টস রেগুলেটরি এজেন্সি (Medicines and Healthcare products Regulatory Agency, MHRA)-এর দ্বারা অনুমোদিত হয়েছে।

ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি (The UK Health Security Agency, UKHSA) এবং জয়েন্ট কমিটি অন ভ্যাকসিনেশন অ্যান্ড ইমিউনাইজেশন (Joint Committee on Vaccination and Immunisation, JCVI) mpox রোগের চিকিৎসার অংশ হিসাবে MVA ভ্যাকসিন ব্যবহারের পরামর্শ দেন।

**Mpox (যা আগে monkeypox নামে পরিচিত ছিল) হলো একটি গুরুতর সংক্রামক ব্যাধি যা শরীরের যেকোনো অংশের ত্বকে বেদনাদায়ক ক্ষত হিসাবে দেখা দিতে পারে:**





**www.gov.uk/government/publications/mpox-vaccination-resources**

Mpox GBMSM revised leaflet - Bengali.indd 1 26/02/2025 09:34:33

## Mpox কী?

Mpox হলো একটি বিরল সংক্রমণ যা বেশিরভাগ সময় মধ্য ও পূর্ব আফ্রিকাতে দেখা যায়।

সংক্রমণটি যে সকল উপায়ে ছড়াতে পারে:

- Mpox-এর ফোসকা বা খোসা-এর সাথে ঘনিষ্ট শারীরিক সংস্পর্শে আসলে (যেমন যৌন সম্পর্ক, চুম্বন, আলিঙ্গন বা হাত ধরা);
- Mpox আক্রান্ত কারো কাপড়-চোপড়, বিছানাপত্র বা তোয়ালে স্পর্শ করলে;
- আক্রান্ত ব্যক্তির লালা বা সর্দির মতো শরীরের কোনো তরলের সংস্পর্শে আসলে

Mpox সাধারণত মৃদু ধরনের হয় এবং চিকিৎসা ছাড়াই কয়েক সপ্তাহের মধ্যে সেরে যেতে পারে। তবে, যদি আপনার মধ্যে উপসর্গগুলো গুরুতর হয় এবং আপনি অসুস্থ বোধ করেন তাহলে আপনাকে হাসপাতালে চিকিৎসা নিতে হবে।

## কাদের জন্য MVA-এর পরামর্শ দেওয়া হয়?

UKHSA বর্তমানে যাদের জন্য MVA-এর পরামর্শ দেয়:

- ✔ **যে সকল হেলথ ওয়ার্কার নিশ্চিত mpox আক্রান্ত রোগীদের দেখাশুনা করেন বা দেখাশুনা করা শুরু করবেন**
- ✔ **পুরুষদের সাথে যৌন সহবাস করেন এমন গে, বাইসেক্সুয়াল বা অন্য পুরুষ।** যদি আপনার একাধিক যৌন সঙ্গী থাকে, আপনি যদি গ্রুপ সেক্স বা 'সেক্স অন প্রেমিসেজ' ভেন্যুতে অংশগ্রহণ করেন, তাহলে আপনার ক্লিনিশিয়ান আপনাকে ভ্যাকসিন গ্রহণের পরামর্শ দেবেন
- ✔ **যে সকল ব্যক্তি ইতোমধ্যেই নিশ্চিত mpox আক্রান্ত রোগীর সংস্পর্শে এসেছেন।** যথা দ্রুত সম্ভব ভ্যাকসিনের একটি ডোজ গ্রহণ করতে হবে (আদর্শভাবে 4 দিনের মধ্যে তবে অনেক সময় 14 দিন পর্যন্ত সময়ের ভেতরে)
- ✔ **যারা কোনো একটি গ্রুপের সদস্য বা এমন স্থানে যান যেখানে এক বা একাধিক আক্রান্ত ব্যক্তি আছেন অথবা যেখানে কোনো কোনো সদস্য আক্রান্ত অন্য কোনো ব্যক্তির সংস্পর্শে এসেছিলেন।**

## ভ্যাকসিনটি কি কার্যকরী?

দুই ডোজ ভ্যাকসিন mpox-এর বিরুদ্ধে উচ্চ মাত্রার সুরক্ষা দেয় বলে প্রমাণ পাওয়া গেছে। প্রথম ডোজ গ্রহণের পরেও ভালো সুরক্ষা পাওয়া যায়, তবে দীর্ঘমেয়াদি সুরক্ষার জন্য কখনো কখনো দ্বিতীয় ডোজ গ্রহণেরও পরামর্শ দেওয়া হয়।

ভ্যাকসিন হয়ত সম্পূর্ণরূপে সংক্রমণ প্রতিরোধ করতে পারবে না, তবে mpox-এ আক্রান্ত হলেও আপনার উপসর্গগুলো এতোটা খারাপ হবে না।

প্রথম ডোজটি আপনার ইমিউন সিস্টেমকে প্রস্তুত করবে যাতে mpox-এর সংস্পর্শে আসলে আপনার ইমিউন সিস্টেম আরো দ্রুত প্রতিক্রিয়া দেখাতে পারে।

কার্যকর হতেও ভ্যাকসিনটির সময় লাগে। প্রয়োগের কয়েকদিন পরে সেটি কাজ করা শুরু করতে পারে এবং আনুমানিক 4 সপ্তাহ নাগাদ সর্বোচ্চ সুরক্ষা প্রদান করবে।

দ্বিতীয় ডোজটি 28 দিন পরে গ্রহণ করতে হয়, তবে আরো দেরিতেও, এমনকি কয়েক মাস পরেও সেটি গ্রহণ করা সম্ভব। প্রথম ও দ্বিতীয় ডোজ গ্রহণের মধ্যে দীর্ঘ সময়ের পার্থক্য থাকলে দীর্ঘমেয়াদি সুরক্ষা আরো উন্নত হওয়ার কথা।

2 ডোজ গ্রহণ করার পরেও আপনাকে mpox-এর ঝুঁকি ও উপসর্গ সম্পর্কে সচেতন থাকতে হবে। উপসর্গ দেখা দিলে ঘরে থাকুন এবং 111 নম্বরে অথবা সেক্সুয়াল হেলথ ক্লিনিকে ফোন করুন।

## এই ভ্যাকসিনের কি কোনো পার্শ্ব প্রতিক্রিয়া আছে?

ভ্যাকসিনটির সুরক্ষা প্রোফাইল খুব ভালো। সকল ওষুধ ও ভ্যাকসিনের মতো এই ভ্যাকসিনেরও পার্শ্ব প্রতিক্রিয়া থাকতে পারে তবে সেগুলো খুবই হালকা ও ক্ষণস্থায়ী এবং সকলের ক্ষেত্রে সেগুলো ঘটেও না। পুরনো smallpox-এর ভ্যাকসিনের মতো এই ভ্যাকসিন কোনো দাগ সৃষ্টি করে না।

যারা আগে লাইভ smallpox ভ্যাকসিনের একটি ডোজ নিয়েছেন তাদের ক্ষেত্রে পার্শ্ব প্রতিক্রিয়াগুলো বেশি হতে পারে। এই সকল ব্যক্তির বিদ্যমান সুরক্ষাকে আরো শক্তিশালী করতে MVA-এর কেবল একটি একক ডোজ প্রয়োজন।

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলোর মধ্যে আছে ইনজেকশনের স্থানে ব্যথা ও চুলকানি, মাথাব্যথা পেশী ব্যথা, অসুস্থতা এবং ক্লান্তিভাব। প্রায় 10 জনের মধ্যে 1 জন ব্যক্তির ঠাণ্ডা ও জ্বর হতে পারে, তবে তা কয়েকদিনের বেশি স্থায়ী হবে না।

যদি আপনি উল্লিখিত তালিকার কোনো একটি পার্শ্ব প্রতিক্রিয়ার মুখোমুখি হন, তাহলে বিশ্রাম নিন এবং উপসর্গ উপশমে আপনি সঠিক মাত্রার প্যারাসিটামল গ্রহণ করতে পারেন।

যদি ইতোমধ্যেই আপনার অ্যাটোপিক ডার্মাটাইটিস (এক ধরনের একজিমা) থেকে থাকে, তাহলে ত্বকের ঐ স্থানে আপনার আরো তীব্র প্রতিক্রিয়া হতে পারে (যেমন লাল ভাব, ফোলা ও চুলকানি) এবং অন্যান্য সাধারণ উপসর্গ (যেমন মাথাব্যথা, পেশী ব্যথা, অসুস্থতা বোধ বা ক্লান্তিভাব) দেখা দিতে পারে, সেই সাথে ত্বকের অবস্থা আরো খারাপ হতে পারে।

## এমন কেউ কি আছেন যারা MVA-এর ভ্যাকসিন গ্রহণ করতে পারবেন না?

একমাত্র তারাই এই ভ্যাকসিনটি নিতে পারবেন না যারা প্রথম ডোজ গ্রহণের পরে, অথবা ভ্যাকসিনের কোনো উপকরণের কারণে জীবনঘাতী অ্যালার্জি প্রতিক্রিয়ায় ভুগেছেন। এই ভ্যাকসিনে খুব সামান্য পরিমাণ মুরগির মাংসের প্রোটিন, বেনজোনেস এবং জেন্টামাইসিন ও সিপ্রোফ্লক্সাসিন (অ্যান্টিবায়োটিক) রয়েছে।

## কাদের জন্য ভ্যাকসিন গ্রহণে বিলম্ব করা ভালো হবে?

যদি আপনার জ্বর থাকে তাহলে পরীক্ষা করে সিদ্ধান্ত নিতে হতে পারে আপনার মধ্যে mpox-এর প্রাথমিক লক্ষণ আছে কি না। আপনার অসুস্থতার সঙ্গে mpox-এর সম্পর্ক না থাকলে আপনি ভ্যাকসিনটি নিতে পারবেন। ঠাণ্ডা লাগার মতো ছোটখাটো সংক্রমণের কারণে ভ্যাকসিন গ্রহণে বিলম্ব করার প্রয়োজন নেই, তবে প্রথমে আপনার ডাক্তার বা নার্সের সাথে আলোচনা করে নেবেন।

## আর কাদের ক্ষেত্রে বিশেষ যত্নের প্রয়োজন রয়েছে?

অতীতে smallpox-এর ভ্যাকসিন গ্রহণ করে থাকলে অথবা আপনার অ্যাটোপিক ডার্মাটাইটিস থাকলে সে কথা আপনার ডাক্তার বা নার্সকে অবহিত করতে হবে কারণ এ সকল ক্ষেত্রে MVA ভ্যাকসিনের পার্শ্ব প্রতিক্রিয়ার সম্ভাবনা বেশি থাকে।

যদি আপনি HIV পজিটিভ হন অথবা আপনার এমন কোনো সমস্যা থাকে বা আপনি এমন কোনো চিকিৎসা গ্রহণ করে থাকেন যা আপনার ইমিউন সিস্টেমকে দুর্বল করে দেয়, তাহলেও আপনার ক্ষেত্রে ভ্যাকসিনের সুরক্ষা কার্যকরী নাও হতে পারে। আপনার ডাক্তার বা নার্সকে অবহিত করুন।

## আমি অন্যান্য যে ওষুধ গ্রহণ করি সেগুলোর ব্যাপারে কী হবে?

আপনি বর্তমানে অন্য কোনো ওষুধ গ্রহণ করলে অথবা সম্প্রতি অন্য কোনো ওষুধ বা ভ্যাকসিন গ্রহণ করে থাকলে আপনার ডাক্তার বা নার্সকে অবহিত করুন। বেশিরভাগ ক্ষেত্রেই ভ্যাকসিন গ্রহণে কোনো অসুবিধা হয় না।

ভ্যাকসিনটি নিরাপদে HIV আক্রান্ত ব্যক্তি, PreP গ্রহণকারী ব্যক্তি এবং একই সাথে HPV, হেপাটাইটিস এ এবং হেপাটাইটিস বি ভাইরাস বিরোধী ভ্যাকসিন সহ অন্যান্য গুরুত্বপূর্ণ ভ্যাকসিন গ্রহণকারী ব্যক্তিকেও প্রদান করা যাবে।

## কিভাবে MVA প্রদান করা হয়?

দুইটি পদ্ধতিতে মূলত বাহুর উপরিভাগে MVA ইনজেকশন প্রয়োগ করা হয়। একটি পদ্ধতিতে চামড়ার নিচে বা পেশীতে (বেশিরভাগ ভ্যাকসিনের মতো) এবং অন্য পদ্ধতিতে চামড়াতে, টিবি বিরোধী বিসিজি ভ্যাকসিন প্রয়োগের মতো করে ইনজেকশন প্রদান করা হয়। দুইটি পদ্ধতিই অনেক বেশি কার্যকর।

**গাড়ি চালানো ও মেশিন ব্যবহার করা:** এমন মনে করার কোনো কারণই নেই যে ভ্যাকসিন গ্রহণের ফলে আপনার গাড়ি চালানো বা মেশিন ব্যবহার করার ক্ষমতার উপর কোনো প্রভাব পড়বে। ভ্যাকসিন গ্রহণের পরে জ্ঞান হারিয়ে ফেলা বেশ স্বাভাবিক ঘটনা, সে কারণে ভ্যাকসিন গ্রহণের পর গাড়ি চালানোর আগে 15 মিনিট অপেক্ষা করা উচিত।

## Mpox ভ্যাকসিনেশন রেকর্ড

সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে নিচে আপনার ভ্যাকসিন গ্রহণের তারিখগুলো রেকর্ড করুন।

মনে রাখবেন, সুরক্ষিত হওয়ার জন্য ভ্যাকসিনের পুরো কোর্স গ্রহণ করতে হবে:

| Mpox (MVA-BN)<br>ভ্যাকসিনের ডোজ | তারিখ |
|---|---|
| ডোজ 1 | |
| ডোজ 2<br>প্রথম ডোজের কমপক্ষে 28 দিন পর | |

## আমার এখন কী করা উচিত?

অনুগ্রহ করে আপনার ক্লিনিক নার্স বা ডাক্তারের কাছ থেকে আরো জেনে নিন। ভ্যাকসিনটি স্পেশালিস্ট সেক্সুয়াল হেলথ সার্ভিসেস (Specialist Sexual Health services, SHSs)-এ পাওয়া যাবে।

Mpox এবং ভ্যাকসিন প্রাপ্তির স্থান সম্পর্কিত আরো তথ্যের জন্য দেখুন:

**www.nhs.uk/conditions/mpox/find-a-mpox-vaccination-site**



## গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া

ভ্যাকসিন গ্রহণকারী ব্যক্তিরা কদাচিৎ আরো কিছু সমস্যার কথা অবহিত করেছেন। স্বচ্ছতার স্বার্থে ভ্যাকসিনের প্রোডাক্ট ইনসার্টে সকল সমস্যার কথা উল্লেখ করে দেওয়া হয়েছে – এমনকি কোনো সমস্যা কেবল একবার হয়ে থাকলেও – তার মানে এই না যে ঐ সকল সমস্যার জন্য এই ভ্যাকসিন দায়ী ছিল। আপনি কোনো পার্শ্ব প্রতিক্রিয়ার মুখোমুখি হলে আপনার ডাক্তার, নার্স বা ফার্মাসিস্টের সাথে আলোচনা করুন। এই লিফলেটে উল্লিখিত পার্শ্ব প্রতিক্রিয়াগুলোর বাইরেও আরো প্রতিক্রিয়া থাকতে পারে।

**পার্শ্ব প্রতিক্রিয়া জানানোর মাধ্যমে আপনি এই ভ্যাকসিনকে আরো সুরক্ষিত করার মতো তথ্য যোগ করতে পারেন।**

আমাকে স্ক্যান করুন

কোনো পার্শ্ব প্রক্রিয়ার উপস্থিতি টের পেলে অনুগ্রহ করে ইয়েলো কার্ড স্কিমের মাধ্যমে এই ওয়েবসাইটে অবহিত করুন:

**yellowcard.mhra.gov.uk**,

ইয়েলো কার্ড (Yellow Card) অ্যাপ ডাউনলোড করুন অথবা 0800 731 6789 নম্বরে ইয়েলো কার্ড (Yellow Card) স্কিমে কল করুন, সকাল 9টা থেকে বিকাল 5টা।

সংগ্রহ করুন গুগল প্লে থেকে

ডাউনলোড করুন অ্যাপ স্টোর থেকে

**আপনার নার্স বা ডাক্তার আপনাকে যে প্যাকেজ ইনসার্টটি দেবেন সেখানে আপনি এই ওষুধ সম্পর্কে আরো তথ্য পেয়ে যাবেন।**

এই ইনসার্টটি ইউরোপিয়ান মেডিসিনস এজেন্সি (European Medicines Agency)-এর ওয়েবসাইটেও পাওয়া যাবে:

**www.ema.europa/en/medicines/human/EPAR/Imvanex**



© Crown copyright 2025. Product code 2024MPIBEN Bengali 1p 20K JAN 2025 (APS). UK Health Security Agency gateway number: 20241016
To order more copies of this leaflet please visit: www.healthpublications.gov.uk or call 0300 123 1002 using product code: 2024MPIBEN
Updated 07.02.2025